[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সংর্বধনা আয়োজক কমিটির আহবায়ক অ্যাডভোকেট রাকিবুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুমে যুক্ত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

স্বাগত বক্তব্য রাখেন কমিটির সদস্য সচিব আব্দুস সবুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, ছহিউদ্দিন ডিগ্রী কলেজের অধ্যক্ষ একরামুল আজিম।

জেলায় এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত প্রায় ৮৫০ জন পরীক্ষার্থী এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে ক্যারিয়ারে বিশেষ কৃতিত্ব অর্জনকারী বিসিএস, বিজেএসসহ ১৬ জন কে সম্মাননা প্রদান করা হয়।

জমকালো আয়োজনে আলমডাঙ্গা বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জমকালো আয়োজনে আলমডাঙ্গায় বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টায় আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকালে মঞ্চ প্রাঙ্গণে বণিক সমিতির নেতৃবৃন্দ জাতীয় ও বণিক সমিতির পতাকা উত্তোলন করেন। পরে অতিথিদের ফুলেল শুভেচ্ছায় শিক্ত করা হয়।

এছাড়াও সমিতির তিন বছরের আয় ব্যয়ের হিসেবে তুলে ধরা হয়। কোরআন তেলওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনের আলোচনা সভায় আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর আলহাজ্ব মেয়র হাসান কাদির গনু।

সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে হাসান কাদির গনু বলেন,বণিক

সমিতির সব সময়ই ব্যবসায়ী ও মানুষের কল্যাণে কাজ করে আসছে। বিগত দিনে দেখা গেছে বিভিন্ন সময়ে মানুষের কল্যাণে পাশে দাঁড়িয়েছে। এজন্য আমি বৃহৎ এই সংগঠনকে ধন্যবাদ জানায়। আমরা পৌর সভায় পরিচ্ছন্ন রাখতে কাজ করে যাচ্ছি। এজন্য বণিক সমিতির সহযোগিতা একান্ত প্রয়োজন। আমাদের সাথে আপনারাও যদি এগিয়ে আসেন তাহলে আলমডাঙ্গা একটি সুন্দর ও পরিচ্ছন্ন শহর হিসেবে গড়ে তুলতে পারবো।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, বণিক সমিতির সাবেক সভাপতি বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: শমসের আলি মল্লিক, আলহাজ্ব মো: রফিকুল ইসলাম, আলহাজ্ব মো: মকবুল হোসেন, বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মো: আমিনুল হক ঘেটু ও রবিউল ইসলাম পকু, সেকেন্দার আলী কচি, বিশিষ্ট ব্যবসায়ী আলগাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

ত্রি-বার্ষিক সম্মেলনে প্রভাষক একে এম ফারুক হোসেন, ও বণিক সমিতির সাধারণ সম্পাদক মো: কামাল হোসেন ও হাবিবুল করিম চনচলের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সহ-সভাপতি আলহাজ্ব একেএম এনামুল কবির, কামরুজ্জামান হিরা, সহ-সম্পাদক হাজী মো: রফিকুল আলম, শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আইয়ুবুর রহমান, ধর্ম সম্পাদক মো: মোতালেব হোসেন, ক্রিড়া সম্পাদক বাবলুর রহমান। এছাড়াও ত্রি-বার্ষিক সম্মেলনে কার্যনির্বাহী সকল সদস্য উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে মহিলাদের নিয়ে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল চারটার দিকে মল্লিক পাড়ায় আলোচনা সভার আয়োজন

করে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রশিকার বিভাগীয় ব্যবস্থাপক হাফিজুর রহমান। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মাদকাসক্তি ও প্রতিরোধের বিভাগীয় প্রধান প্রদীপ কুমার বিশ্বাস।

স্বাগত বক্তব্য রাখেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের এরিয়া ম্যানেজার ওসমান গনি। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন মহিলা কাউন্সিলর রেক্সোনা কামাল রেনু।

এ সময় উপস্থিত ছিলেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের হিসাব রক্ষক রিতা সাহা, কর্মী সেলিম রেজা, মমতাজ বেগম, দিলরুবা খাতুনসহ দেড় শতাধিক মা ও বোনেরা।

এসময় বক্তারা বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে মাদক তথা নেশা জাতীয় দ্রব্য সেবন মারাত্মক আকার ধারণ করেছে। নারী-পুরুষ, যুবসম্প্রদায় কিশোর-কিশোরীরাও মাদকের ভয়ংকর ছোবল থেকে রেহাই পাচ্ছে না। এ নেশা ভবিষ্যত প্রজন্মের জন্য অত্যন্ত ক্ষতিকর প্রভাব তৈরি করবে। সৃষ্টি হবে একটি পঙ্গু ও জরাগ্রস্ত সমাজ। মানুষ একবার নেশাগ্রস্ত হয়ে পড়লে সহজে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে না। নেশার কৃষ্ণ সম্পর্কে নিজ পরিবারসহ সমাজের সকল স্তরের মানুষের সচেতন হওয়ার গুরুত্ব অপরিসীম। দেশের যুবসমাজ বিপথে চালিত হলে সমাজ ক্ষতিগ্রস্ত হয় এবং যুবসম্প্রদায়ের মেধাশক্তি বিনষ্ট হয়। অথচ উন্নত সমাজ গড়ে তোলার জন্য দরকার মেধা ও দক্ষ নেতৃত্বসম্পন্ন যুবসমাজ। তাই সুস্থ সমাজ গড়ে তোলার ক্ষেত্রে সমাজের সকল স্তরের মানুষ বিশেষ করে নেতৃস্থানীয় মানুষদের নিয়ে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা এবং লিফলেট বিতরণ।

মেহেরপুরে প্রশিক্ষনার্থীদের

মাঝে কম্পিউটার-ড্রাইভিংয়ের সনদপত্র বিতরন

মেহেরপুরে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট ও সন্মানী বিতরন করা হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টা সময় মেহেরপুর ওয়াপদা রোডে বহুমুখী মানব কল্যান সংস্থার কার্যালয়ে প্রশিনার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়।

বহুমুখী মানব কল্যান সংস্থার মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক নুরুল আহমেদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

প্যানেল মেয়র শাহিনুর রহমানের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসাবে বক্তব্য রাখেন বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক সিনিয়র সাংবাদিক বিপুল আশরাফ, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, সংস্থার ডেপুটি ম্যানেজার আব্দুল আওয়াল প্রিন্স।

বক্তারা বলেন, পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে মূল ধারায় নিয়ে আসায় প্রধানমন্ত্রীর অন্যতম লক্ষ্য। সেই লক্ষেই বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এই কারনে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে। কোন গোষ্ঠীকে পিছিয়ে রেখে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন সম্ভব নয়।

এ পর্যন্ত বহুমুখী মানব কল্যান সংস্থার মেহেরপুর জেলায় সাড়ে সাত শত জন কম্পিউটার ও ড্রাইভিং কোর্স সম্পন্ন করেছে।

মেহেরপুরে নারী নির্যাতন

প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈমাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম ,মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আল মামুন, নারী নেত্রী মোছাঃ রোজিনা খাতুন ও মীর ফারুক হোসেন।

সভার কার্যবিবরনী পাঠ করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার। মেহেরপুর সদর উপজেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যক্ত করা হয়।

এ ছাড়াও মেহেরপুর সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ফোরাম এর সদস্যগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে “ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত”

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা, ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৩ আগস্ট) সকাল ১০ টার দিকে মউক এর হলরুমে গনসাক্ষরতা অভিযান এর সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত কমিউনিটি

এডুকেশন ওয়াচ গ্রুপের এই ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারন সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান এর সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আমদহ ইউনিয়নের ওয়াচ গ্রুপের সভাপতি বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়া, মেহেরপুর পৌর কাউন্সিলর আব্দুর রহিম, ওয়াচ সদস্য রেশমা খাতুন, সমাজসেবক আব্দুর রকিব ও মীর ফারুক হোসেন।

সভায় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূর সহ প্রান্তিক জনগোষ্ঠির শিশুদের বিষয়ে জোর দেওয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

গাংনীতে শিক্ষক কল্যাণ সমিতির জমি দখলমুক্ত করতে সংঘর্ষ আহত ১৬

মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের জমি দখলকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে ছয় শিক্ষক ও নারীসহ অনন্তত ১৬ জন আহত হয়েছেন।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। আজ মঙ্গলবার(২২ আগষ্ট) বেলা ১১ টার সময় গাংনী পৌর এলাকার-মেহেরপুর সড়কের বাঁশবাড়িয়া এলাকায় অবস্থিত শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের সামনে লাঠিশোঠা নিয়ে এক রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটে।

আহত শিক্ষকরা হলেন- উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ও গাংনী পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেন(৫৫) জিলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আলমগীর

হোসেন মিঠু, এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ,সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ, রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখন, ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক রায়হান আলী। শিক্ষকদের ওপর হামলাকারিদের দ্রত গ্রেপ্তারের দাবী জানিয়ে সড়ক অবরোধ করেন শিক্ষকরা।

অপরদিকে শিক্ষকদের হামলায় কার্যালয়ের জমি দখলকারিদের মধ্যে নারীসহ অন্তত দশজন আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করা হয়েছে।

আহতরা হলো-বাঁশবাড়িয়া গ্রামের নিজাম উদ্দিন-(৪০), মিজান (২৫), মুজাম (৩৫), সোহেলী খাতুন (২৫), সুমাইয়া (২২), হাবিবা খাতুন
(৪০) শহিদুল ইসলাম (৫০), শিপন আলী (২০), সোহরাব হোসেন (৩০), ইমরান আলী (২৫), নাজিরা খাতুন (২৫)।
আহতদের মধ্যে মুজাম ও সোহেলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

আধা ঘন্টা যাবত সংঘর্ষের সময় গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

গাংনী পৌর মেয়র আহমেদ আলী, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনাস্থল পরিদর্শন করেছেন। উভয় পক্ষকে শান্ত করে জমিজমার কাগজপত্র যাচাই করার প্রতিশ্রতি দিলে শিক্ষকরা তাদের কর্মসুচী প্রত্যাহার করেন। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে।

শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ও গাংনী পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেন জানান, প্রায় দশ বছর আগে আমরা সমিতির নামে ন্যায্য টাকা দিয়ে হাবিুর রহমানের ওয়ারিশদের কাছ থেকে জমি ক্রয় করি। তারপর সেখানে সমিতির কার্যালয় ভবন নির্মাণ করি। সেই কার্যালয়ের সামনে হঠাৎ করে হাবিবুর রহমানের নামের একজন ব্যক্তি রাতের আধারে জমি দখলে নিয়ে বসত শুরু করে। তাদের বার বার তাগাদা দেয়া সত্বেও তারা আমাদের জায়গা খালি করে দেয়নি। আজ সকালে সমিতির সকল সদস্যরা কার্যালয়ের জমি দখল মুক্ত করতে আসে। এসময় বাড়ির ভিতর থেকে ইট পাটকেল মারতে শুরু করে। হাবিবুর রহমানের লোকজনের ইটের আঘাতে আমাদের ছয় শিক্ষক রক্তাক্ত জখম হয়েছে। সমিতির নামে ক্রয়কৃত জমি দখল করতে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা ছুটে

এসেছেন।

অন্যদিকে আহত নিজাম ও মুজাম বলেন, শিক্ষকরা যে জমি ক্রয় করেছে সেই জমিতে আমাদের অংশ রয়েছে। আমাদের অংশ বুঝিয়ে না দিয়ে তারা অফিস নির্মাণ করেছেন। হাবিবুর রহমান তার নিজের জমি দাবী করে বসবাস শুরু করেন।
আজ সকালে হঠাৎ কয়েক শো শিক্ষক হাতে বাশের লাঠি নিয়ে রাস্তায় জড়ো হয় এবং জোরপুর্বক ইট ও বালি ফেলতে শুরু করে। আমরা বাধা দিতে গেলে শিক্ষরা তাদের হাতে থাকা বাঁশের লাঠি দিয়ে এলোপাথাড়ি মারধর শুরু করেন। শিক্ষকদের হামলায় আমাদের পক্ষের নারীসহ মোট ১০জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে দুজনকে কুষ্টিয়া হাসপাতালে রেফার করেছেন চিকিৎসক। হামলার সময় শিক্ষকরা আমাদের বাড়িঘরের সমস্ত কিছু ভেঙ্গে তছরুপাত করেছেন। এবং ঘরের টিন ও আসবাপত্র যা ছিল তা সব নিয়ে গেছে বলেও দাবী করেন তারা।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, আমি ঘটনা শুনতে পেয়ে দ্রত পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেছি। উভয় পক্ষের লোকজন জখম হয়েছে। জখম হওয়া ব্যক্তিরা চিকিৎসাধীন রয়েছেন। বর্তমানে পরিস্থিতি থমথমে। এখনও কোন পক্ষ থেকে অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনী ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের এ্যাডহক কমিটি ঘোষিত

হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ মেহেরপুর জেলা শাখার কমিটি নিষ্ক্রিয়তার অভিযোগে বিলুপ্ত ঘোষণা করে শ্রী মাধব চন্দ্র ভাস্করকে আহ্বায়ক ঘোষণা করে ২১ সদস্য বিশিষ্ট এ্যাডহক কমিটি গঠন করা হয়েছে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

হবে। সমাজে কেবল নারী একজন নারী নয়, তাকে মানুষ হিসেবে সমাজে নিজেকে প্রতিষ্ঠিত হতে হবে। এজন্য সুশিক্ষায় শিক্ষিত হয়ে নিজেকে গড়ে তুলতে হবে। তবেই তুমি কেবল নারী নয়, নিজেকে সমাজে একজন আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

সোনার বাংলাদেশ গড়ে তুলতে হলে আগে সোনার মানুষ তৈরি করতে হবে বলে উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, সত্য কথা বললে সৎ হবে এবং ভালো মানুষ হবে। কারণ একটি দেশের প্রধান সম্পদই হচ্ছে মানবসম্পদ। তাই শিক্ষার্থীদের লেখাপাড়া শিখে মানুষ হওয়ার আহবান জানান তিনি।

তিনি আরও বলেন, দুনিয়ার সব কাজ, বিচার-ফয়সালা সত্য কথা বা সত্যবাদিতার ওপর নির্ভরশীল। তাই সদা সত্য কথা বলা সৎ পাথে চলার মধ্য দিয়ে ভালো মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলা সম্ভব।

বিদ্যালয়য়ের প্রদান শিক্ষক মোজাম্মেল হকের সভাপতিত্বে বক্তব্য রাখেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফেজ মো: রুহুল আমিন, সিনিয়র শিক্ষক নাদিরা খানম, নীলিমা বিশ্বাস, তাকিয়া সুলতানা, রেজাউল করিম প্রমুখ।

এসময় বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান, কালের কণ্ঠের কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, নিউজটোয়েন্টি ফোরের স্টাফ রিপোর্টার জাহিদুজ্জামান, বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার সহ-সভাপতি এস এম জামাল, সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।